**Jagannath University**
Dhaka-1100, Bangladesh
Phone : (+880-2) 01712-753195, 01712-367019
E-mail : inquiry@office.jnu.ac.bd

**জগন্নাথ বিশ্ববিদ্যালয়**
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০-২) ০১৭১২-৭৫৩১৯৫, ০১৭১২-৩৬৭০১৯
ই-মেইল: inquiry@office.jnu.ac.bd

জবি/প্রশা/তদন্ত/২০২৬/৫১৮

তারিখ: ২২ শ্রাবণ, ১৪৩৩ বাংলা
০৬ আগস্ট, ২০২৬ খ্রি.

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৪/০৮/২০২৬ তারিখে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রধান অতিথি, ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যগণ বিশেষ অতিথি ও জুলাই শহিদ একরামুল হক সাজিদ-এর মাতা সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত আলোচনা সভা চলাকালীন সময়ে কেন্দ্রীয় অডিটোরিয়ামের বাইরে কতিপয় শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও হামলার ঘটনার ঘটে। ফলে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়। উক্ত ঘটনা তদন্তপূর্বক এর সাথে জড়িতদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদানের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয়। যদি কেউ উল্লেখিত ঘটনার সাথে সম্পর্কিত কোন তথ্য/ভিডিও ক্লিপ সরবরাহ করতে চান তাদেরকে নিম্নেবর্ণিত ইমেইল আইডিতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরিচয় উল্লেখ করে তথ্য/ভিডিও পাঠাতে হবে। তবে তথ্য প্রদানকারীর পরিচয় গোপন রাখা হবে।

ই-মেইল: inquiry@office.jnu.ac.bd
তথ্য/ভিডিও পাঠানোর শেষ তারিখ: ১১/০৮/২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা।

ধন্যবাদান্তে-

06/08/2026

**(অধ্যাপক ড. মোস্তফা হাসান)**
সমাজকর্ম বিভাগ, জবি
ও
আহ্বায়ক, তদন্ত কমিটি।

*অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):*

১। প্রক্টর, জবি;
২। পরিচালক (আইসিটি), আইসিটি সেল, জবি *(ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)*;
৩। পরিচালক (জনসংযোগ, তথ্য ও প্রকাশনা), জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জবি *(ফেসবুক পেইজ ও বহুল প্রচারের অনুরোধসহ)*;
৪। ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি *(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)*, জবি;
৫। ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর *(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)*, জবি;
৬। অফিস নথি।